



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

www.pallisanachaybank.gov.bd

নং- পসব্য/প্রকা/প্রশা-২২/২০১৮-১৯/৩৩৯৫

তারিখ : ০১.১১.২০১৮ খ্রিঃ

ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক

রাজাবালী শাখা, পটুয়াখালী।

বিষয় : শাখার তথ্যাদি প্রেরণ না করার কারণে ব্যাখ্যা তলব প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। আপনার শাখাটি ০৮.০৩.২০১৮ তারিখ হতে অনলাইনে পরিচালিত হচ্ছে। আপনার শাখার তথ্যাদি পরীক্ষান্তে দেখা যায় শাখাটির ৭টি সমিতি অনলাইনে রয়েছে। অনলাইনের সমিতিগুলোর অদ্যাবধি কোন লেনদেন করা হয়নি। আপনার শাখার ৩৮টি সমিতি ম্যানুয়ালি পরিচালিত হচ্ছে। ম্যানুয়ালি পরিচালিত সমিতিগুলোর তথ্যাদি প্রেরণের জন্য ১৫.১০.২০১৮ তারিখে আপনাকে অনুরোধ করা হয়েছিল। কিন্তু আপনি কোন তথ্যাদি প্রেরণ করেননি। আপনি প্রধান কার্যালয়ের অনুমতি ব্যতীত স্থানীয় রূপালী ব্যাংক শাখায় পল্লী সঞ্চয় ব্যাংকের নামে হিসাব খুলে হিসাব পরিচালনা করে আসছেন। আপনাকে কর্পোরেট মোবাইল নম্বরে ফোন করে পাওয়া যায়না, প্রায়ই মোবাইল বন্ধ রাখা হয়।

০৩। এমতাবস্থায়, আপনার নিম্নবর্ণিত শৃংখলা পরিপন্থী কার্যকলাপের জন্য কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ আগামী ০৮.১১.২০১৮ তারিখের মধ্যে ব্যবস্থাপনা পরিচালকের নিকট দাখিলের জন্য এতদ্বারা নির্দেশ প্রদান করা হলো :

(ক) অনলাইনে পরিচালিত সমিতিসমূহের লেনদেন না করার কারণ;

(খ) ম্যানুয়ালি পরিচালিত সমিতিসমূহের তথ্যাদি প্রধান কার্যালয়ের চাহিদা মোতাবেক সরবরাহ না করার কারণ;

(গ) প্রধান কার্যালয়ের অনুমোদন ব্যতীত স্থানীয় রূপালী ব্যাংকে হিসাব পরিচালনা করার কারণ;

(ঘ) প্রধান কার্যালয়ের আদেশ নির্দেশ অমান্য করার কারণ; এবং

(ঙ) কর্পোরেট মোবাইল বন্ধ রাখার কারণ।

০৪। নির্ধারিত সময়ের মধ্যে আপনার নিকট হতে জবাব পাওয়া না গেলে আপনার বিরুদ্ধে একতরফা প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

আপনার বিশ্বস্ত


(মোঃ ইসমাইল মিয়া)

সহকারী মহাব্যবস্থাপক

ফোন নং ৫৫১৩৮৫৬২

headoffice@pallisanachaybank.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য :

১. চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

২. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৩. অফিস কপি/ব্যক্তিগত নথি।